# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ,আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোনঃ ৮৮-০২-৮১৮১৬১৮, ফ্যাক্সঃ ৮৮-০২-৮১৮১২৮১, ই-মেইলঃ shamsul_ugc58@yahoo.com
ওয়েব: www.ugc.gov.bd

নং বিমক/বৃত্তি/৬.৫৬/প্রট্যাএ/২০১৭/(অংশ-৬)/ ৬৫৫৫ তারিখ ঃ ১৭/০৪/২০১৭

**বিষয় : "প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৫ ও ২০১৬" এর জন্য মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।**

দেশের বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের অধ্যয়নে অধিকতর মনোনিবেশ তথা ভাল ফলাফল অর্জনে উৎসাহিত করার উদ্দেশ্যে ইউজিসি প্রবর্তিত "প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৫ ও ২০১৬" এর জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত নীতিমালার আলোকে নির্ধারিত ফরমে শিক্ষার্থীর মনোনয়ন আহ্বান করা যাচ্ছে।

২। ১ জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর ২০১৫ এবং ১ জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে প্রকাশিত স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রত্যেক অনুষদের সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান এবং সেইসাথে আপনার বিশ্ববিদ্যালয় থেকে যথাক্রমে ২০১৫ ও ২০১৬ বছরে প্রকাশিত স্নাতক(সম্মান/এমবিবিএস) ডিগ্রি পরীক্ষায় সকল অনুষদের মধ্যে যে শিক্ষার্থী সর্বোচ্চ নম্বর/সিজিপিএ ধারীকে (২০১৫ সালের জন্য ১ জন এবং ২০১৬ সালের জন্য ১ জন; নীতিমালা অনুযায়ী) মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো। মনোনয়ন প্রাপ্তির পর কমিশন কর্তৃপক্ষ চূড়ান্ত মনোনয়ন প্রদান করবেন।

৩। উল্লেখ্য, যে সকল বিশ্ববিদ্যালয়ে স্নাতক ডিগ্রি প্রদান করা হয় না সে সকল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Masters) ডিগ্রির ফলাফলের ভিত্তিতে সকল অনুষদের মধ্যে যে শিক্ষার্থী সর্বোচ্চ নম্বর/সিজিপিএ ধারীকে (২০১৫ সালের জন্য ১ জন এবং ২০১৬ সালের জন্য ১ জন; নীতিমালা অনুযায়ী) মনোনয়ন প্রদান করতে হবে।

৪। মনোনীত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের তারিখ উল্লেখপূর্বক প্রত্যেক শিক্ষার্থীর জন্য পৃথক প্রত্যয়নপত্র স্বাক্ষর করে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষার্থীর নাম, বিশ্ববিদ্যালয়ের নাম, অনুষদের নাম, বিভাগের নাম, ডিগ্রির নাম, ও ফলাফল প্রকাশের তারিখ (বাংলায় ও ইংরেজীতে) উল্লেখপূর্বক কমিশনে প্রেরণ করতে হবে। মনোনয়নসমূহ আগামী ০৭/০৫/২০১৭ ইং তারিখের মধ্যে কমিশনে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

৫। এছাড়াও ইউজিসি-র ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এ "প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৫ ও ২০১৬" মনোনয়নের ক্ষেত্রে অনলাইন ফরম-টি পূরণপূর্বক যথাযথভাবে যাবতীয় কাগজপত্র (যেমন: সম্প্রতি তোলা ছবি, সকল ডিগ্রির সার্টিফিকেট/মার্কসিট, জাতীয় পরিচয়পত্র) সংযুক্ত করে (pmgoldmedal@gmail.com)-এ প্রেরণ করার জন্য বিণীতভাবে অনুরোধ জানাচ্ছি। এ ব্যাপারে প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীগণের সহযোগিতা নেয়া যেতে পারে।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি : নীতিমালা ও নির্ধারিত ফরম (বর্ণনামতে)

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,
17/4/17
প্রকৌঃ মোহাম্মদ জিয়াউর রহমান
উপ-পরিচালক (বৃত্তি)
ফোন ঃ ৮১৮১৫৮৪

বিতরণ:
রেজিস্ট্রার,
ঢাকা / রাজশাহী / বাংলাদেশ কৃষি / বাংলাদেশ প্রকৌশল / চট্টগ্রাম / জাহাঙ্গীরনগর/ ইসলামী / শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি / খুলনা / জাতীয় / বাংলাদেশ উন্মুক্ত / বঙ্গবন্ধু মেডিকেল / বঙ্গবন্ধু কৃষি / শেরে বাংলা কৃষি / হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি / পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি / মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি / ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি / রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি / চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি / খুলনা প্রকৌশল ও প্রযুক্তি / জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিজ্ঞান ও প্রযুক্তি / নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি / জগন্নাথ / কুমিল্লা / চট্টগ্রাম ভ্যাটেরিনারী এন্ড এনিম্যাল সাইন্স / সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় / যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় / বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) / বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় / পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় / বরিশাল বিশ্ববিদ্যালয় / বাংলাদেশ টেক্সটাইল / রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি / ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/ আহছানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। চেয়ারম্যানের একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, আইএমসিটি ডিভিশন, ইউজিসি (ইউজিসি ওয়েবসাইটের 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' লিংকে আপলোড করার জন্য)।
৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪। ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৫-৬। অফিস কপি/ মাস্টার কপি।

Tahmina Rahman 20/4/17 ACP

17.04.17
মোঃ জহিরুল ইসলাম
সহকারী পরিচালক (বৃত্তি)
০১৭১৬৪০৮৬৯০

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, ঢাকা-১২০৭

## ইউজিসি কর্তৃক প্রদত্ত "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" প্রদান সংক্রান্ত নীতিমালা (সংশোধনী)

অনুমোদনের তারিখ ঃ ১৬-০১-২০১৭

১। ইউজিসি কর্তৃক প্রণীত Form (তথ্য ছক) যথাযথ ভাবে পূরণ করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক সীল স্বাক্ষর পূর্বক বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হবে। Form (তথ্য ছক) ইউজিসি'র ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

২। মনোনীত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের তারিখ উল্লেখপূর্বক প্রত্যেক শিক্ষার্থীর জন্য পৃথক প্রত্যয়নপত্র স্বাক্ষর করে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হবে।

৩। **পাবলিক বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে (জাতীয়, উন্মুক্ত ও আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত):**

(ক) যে বছরের জন্য স্বর্ণপদক প্রদান করা হবে সে বছরের ১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর এর মধ্যে প্রকাশিত স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে।

(খ) যদি একই বছরে একই অনুষদের একাধিক সেশনের ফল প্রকাশিত হয়, সেই ক্ষেত্রে বিভিন্ন সেশনের মধ্যে অনুষদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে।

(গ) একই বছরে একই বিভাগ হতে প্রকাশিত ফলাফলে যদি একাধিক সমান নম্বর/সিজিপিএ পেয়ে থাকেন সে ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের শতকরা হার বিবেচনা করে মনোনয়ন প্রদান হবে।

(ঘ) স্নাতক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার একই হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে সেই ক্ষেত্রে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

(ঙ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে মেডিক্যাল অনুষদ থেকে এমবিবিএস ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে উক্ত বছরের জন্য একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৪। **জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে :**

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় থেকে উক্ত বছরের প্রকাশিত স্নাতক ডিগ্রি পর্যায়ে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৫। **প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে :**

স্থায়ী সনদপ্রাপ্ত প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে উক্ত বছরের প্রকাশিত স্নাতক ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৬। যে সব বিশ্ববিদ্যালয়ে স্নাতক ডিগ্রি প্রদান করা হয় না সে সব বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Masters) ডিগ্রির ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে। কোন অনুষদে স্নাতকোত্তর পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী একাধিক হলে সে ক্ষেত্রে স্নাতক সম্মান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সম্মান পরীক্ষার ফলাফল একই হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

৭। শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়নের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষ সর্বোচ্চ ক্ষমতা সংরক্ষণ করেন।

মোহাম্মদ জিয়াউর রহমান
(রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন)
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন